২১

# দৈনিক সংবাদ

তারিখ 03 JAN 1997
পৃঃ ৭ কলাম ৭

## রাজধানীর সরকারি স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হবে ১২ই জানুয়ারি

॥ রাশেদ আহমেদ ॥

ঢাকা মহানগরীর সরকারি স্কুলগুলোতে এ বছরের ভর্তি পরীক্ষা আগামী ১২, ১৩ ও ১৪ই জানুয়ারি অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার জন্যে পয়লা জানুয়ারি বুধবার থেকে প্রত্যেক সরকারি স্কুলে ৩০ টাকা মূল্যে ফরম বিতরণ শুরু হয়েছে। ৯ই জানুয়ারি ফরম জমা দেয়ার শেষদিন।

রাজধানী ঢাকার ২৪টি মাধ্যমিক পর্যায়ের সরকারি স্কুলকে তিনটি গ্রুপে বিভক্ত করা হয়েছে। প্রতি গ্রুপের পরীক্ষা পর্যায়ক্রমে তিনদিনে অনুষ্ঠিত হবে। প্রত্যেক স্কুলের পরীক্ষার সময়সূচি একই। প্রথম থেকে পঞ্চম শ্রেণী সকাল ১০টা থেকে ১২টা এবং ষষ্ঠ থেকে নবম শ্রেণী বেলা ১-৩০ থেকে সাড়ে ৩টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার ফলাফল ২০শে জানুয়ারির মধ্যে ঘোষণার নির্দেশ রয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে এ ধরনের নিয়মনীতি বেঁধে এক সার্কুলার জারি করা হয়েছে ঢাকা মহানগরীর ২৪টি সরকারি স্কুল কর্তৃপক্ষের কাছে।

ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র শিক্ষা অধিদপ্তর থেকে সরবরাহ করা হবে। 'এ' 'বি' 'সি' এই তিন গ্রুপের স্কুলের জন্যে ৩ সেট প্রশ্নপত্র তৈরি করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এই প্রশ্নপত্র পরীক্ষার আগের দিন অধিদপ্তর থেকে স্কুলগুলোতে বিতরণ করা হবে।

শিক্ষা অধিদপ্তরের ঢাকা মহানগর আঞ্চলিক শাখাকে ভর্তির পরিচালনা ও তদারকির দায়িত্ব দেয়া হয়নি, আগের বছরগুলোতে তাদের মাধ্যমেই এ দায়িত্ব সম্পাদন করা হতো। পরীক্ষা পরিচালনার জন্যে অধিদপ্তর থেকে একটি কমিটি গঠন করা হয়েছে।

পরীক্ষা ঃ পৃঃ ৭ কঃ ৭

## পরীক্ষা ঃ শুরু ১২ই জানুয়ারি

( ১ম পৃষ্ঠার পর )

রাজধানীর সরকারি স্কুলগুলোতে এ বছর প্রায় ১০ হাজার ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে। বিভিন্ন স্কুলে খোঁজ-খবর নিয়ে এ ধরনের তথ্য জানা গেছে। তবে শিক্ষা অধিদপ্তর এ সংক্রান্ত কোন পরিসংখ্যান দিতে পারেনি। ঢাকায় ছাত্রছাত্রী ভর্তির চাপ বেড়ে যাওয়ায় গত কয়েক বছর ধরে প্রত্যেক স্কুলে দুই শিফট চালু করা হয়েছে। পুরনো ঢাকায় অবস্থিত ইসলামিয়া সরকারি হাইস্কুল ও মুসলিম গভঃ হাইস্কুলে এখনো এক শিফট চালু রয়েছে বলে জানা যায়।

ঢাকা কলেজিয়েট স্কুলের প্রধান শিক্ষক মতিউর রহমান গতকাল সংবাদকে জানান, এ বছর তার প্রতিষ্ঠানে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত মোট ৪২৭ জন ছাত্র ভর্তি করা হবে। এ স্কুলে ২ শিফটে ৪টি সেকশন রয়েছে।

রাজধানীর সরকারি স্কুলগুলোতে যে যে তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে তা হচ্ছে- ''এ'' গ্রুপ ঃ ভর্তি পরীক্ষা ১২ই জানুয়ারি। স্কুলগুলো হচ্ছে, ঢাকা গভঃ ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

''বি'' গ্রুপ ঃ ভর্তি পরীক্ষা ১৩ই জানুয়ারি। স্কুলগুলো হচ্ছে, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ মুসলিম হাইস্কুল, বাংলা বাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়।

''সি'' গ্রুপ ঃ ভর্তি পরীক্ষা ১৪ই জানুয়ারি। স্কুলগুলো হচ্ছে, ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, কামরুন্নেছা বালিকা বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়।